

188934 - রোয়াদারের জন্য নাকে মেডিসিন-জেল ব্যবহার করার হৃকুম

প্রশ্ন

আমি নাকের এলার্জিতে ভুগছি। নাকের স্প্রের ডোজ নেয়া সংক্রান্ত প্রশ্নোত্তরগুলো আমি পড়েছি। আপনারা ফতোয়া দিয়েছেন যে, এতে রোয়া ভঙ্গ হবে না। কিন্তু আমার প্রশ্ন হল: অন্য আরেক ধরনের ঔষধ সম্পর্কে। সেটা হচ্ছে মেডিকেল জেল; যা নাক দিয়ে গ্রহণ করা হয়। এটা ব্যবহারে কি রোয়া ভেঙ্গে যাবে?

প্রিয় উত্তর

সুন্নাহ থেকে প্রমাণিত হয় যে, নাক হচ্ছে পাকস্থলির একটি প্রবেশ পথ। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “প্রকৃষ্টভাবে নাকে পানি দিন; যদি না আপনি রোয়াদার হন।”[সুনানে আবু দাউদ (১৪২) ও সুনানে তিরমিয় (৭৮৮); আলবানী ‘সহিহ সুনানে আবু দাউদ গ্রন্থে’ হাদিসটিকে ‘সহিহ’ বলেছেন]

নাক দিয়ে যে জেলটি গ্রহণ করা হয় এর কোন কিছু যদি গলার ভেতরে বা পাকস্থলিতে চলে না যায়; বরং সেটি নাকের ভেতরে নিঃশেষ হয়ে যায় তাহলে রোয়া সহিহ।

শাইখ উছাইমীন (রহঃ) বলেন:

“জেল ব্যবহার করে কিংবা পানি বা কাপড় দিয়ে ভিজিয়ে কিংবা এ জাতীয় অন্য কিছু দিয়ে ঠোঁটব্য ও নাক সতেজ রাখতে কোন অসুবিধা নাই। তবে যে জিনিসটির অমস্নতা দূর করা হলো সেটা থেকে কোন কিছু পেটের ভেতরে চলে যাওয়া থেকে বেঁচে থাকতে হবে। যদি অনিচ্ছাকৃতভাবে কোন কিছু ভেতরে চলে যায়; তাহলে তার উপর কোন কিছু বর্তাবে না। যেমনিভাবে কুলি করতে গিয়ে অনিচ্ছাকৃতভাবে কিছু পানি পেটে চলে গেলে এর মাধ্যমে রোয়া ভঙ্গ হবে না।”[ফাতাওয়া ইবনে উছাইমীন (১৯/২২৪)]

আমরা আল্লাহর কাছে দোয়া করছি তিনি যেন আপনার জন্য ও সকল মুসলমানের জন্য আরোগ্য ও রোগমুক্তি লিখে দেন।

আল-মুনতাক্কা মিন ফাতাওয়াশ শাইখ সালেহ আল-ফাওয়ান (৩/১২১)

আল্লাহই সর্বজ্ঞ।